মাইক বাজানো নিয়ে বচসা, রাস্তায় যুবককে পিটিয়ে মারার অভিযোগ

নিজস্ব প্রতিবেদন, পান্ডুয়া: বাড়ির সামনেই মনসা পুজো। আর সে পুজোয় মাইক বাজানো নিয়ে বচসা। বচসার জেরে রাস্তায় এক যুবককে পিটিয়ে মারার অভিযোগ উঠল। ঘটনাকে ঘিরে চাঞ্চল্য হুগলির পান্ডুয়ার দ্বারবাসিনী এলাকায়। ঘটনায় গ্রেপ্তার দুই অভিযুক্ত। পুলিশ জানিয়েছে, মৃতের নাম আশিস বাউল (২৬)। স্থানীয় ও পুলিশ সূত্রে জানা গিয়েছে, গত বৃহস্পতিবার আশিস

বন্ধুদের সঙ্গে বিষহরিতলার মেলা দেখে বাইকে বাড়ি ফিরছিলেন। বাড়ি থেকে কিছুটা দূরে গমুকপাটি এলাকায় মনসা পুজোর মাইক বাজানো নিয়ে একটা গন্ডগোল চলছিল। সেখান দিয়ে যাওয়ার সময় আশিষের গায়ে ধাক্কা লাগে এক গ্রামবাসীর। সেই নিয়ে বচসা তর্কাতর্কি শুরু হয়। অভিযোগ, আশিসকে বাইক থেকে কলার ধরে টেনে নামিয়ে মারধর করা হয়। রাস্তায় ফেলে বুকে লাথি মারা হয় বলেও অভিযোগ। বন্ধু তাঁকে ছাড়িয়ে কোনওভাবে বাড়ি নিয়ে যায়। রাতে বুকে ব্যথা অনুভব করেন আশিস। তাঁর বাবা বিকাশকে বলেন ঘটনার কথা। অভিযোগ, পরদিন ওই গ্রামে গিয়ে কেন ছেলেকে মারা হয়েছে জিজ্ঞাসা করতে গেলে তাঁদের উপর চড়াও হয় গ্রামের অভিযুক্তরা। শুক্রবার রাতে রক্ত বমি শুরু হয়। পাণ্ডুয়া হাসপাতালে নিয়ে যাওয়া হয় তাঁকে। সেখান থেকে চুঁচুড়া ইমামবাড়া হাসপাতালে ভর্তি করা হয়। আশঙ্কাজনক অবস্থায় তাঁকে আইসিইউ-তে স্থানান্তরের কথা বলেন চিকিৎসক। এরপর তাঁকে কল্যাণীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। তারপর সেখান থেকে এনআরএস হাসপাতালে স্থানান্তরিত করা হয়। সেখানে নিয়ে যাওয়ার পথেই মৃত্যু হয় আশিসের। ঘটনায় লাল্টু বাউল দাস ও শুভঙ্কর বাউল দাস নামে দুই অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পাণ্ডুয়া থানার পুলিশ।

জেলা পুলিশের রক্তদান উৎসব

নিজস্ব প্রতিবেন, পশ্চিম মেদিনীপুর: পশ্চিমবঙ্গ পুলিশ ওয়েলফেয়ার কমিটির পশ্চিম মেদিনীপুর জেলা শাখার উদ্যোগে রবিবার জেলা পুলিশ লাইনে স্বেচ্ছায় রক্তদান উৎসবের আয়োজন করা হয়েছিল। সেখানে রক্তদান ৪০০ জন পুলিশ কর্মী। প্রদীপ জ্বালিয়ে অনুষ্ঠানের সূচনা করেন অতিরিক্ত পুলিশ সুপার পিনাকী দত্ত, ওয়েলফেয়ার কমিটির রাজ্য কমিটির আহ্বায়ক বিজিতাশ্ব রাউত, জেলা কমিটির শ্যামল চক্রবর্তী, সোমনাথ সুকুল, সুলেখা ব্যানার্জি, অঞ্জনা পাঞ্জা সুরুল, আলতাফ আলি শা, শেখ আফসার আলি, নজরুল ইসলাম, আসলাম খান সহ অন্যান্যরা। অনুষ্ঠান তত্ত্বাবধান করেন ওয়েল ফেয়ার কমিটির চেয়ারম্যান তথা জেলা পুলিশ সুপার ধৃতিমান সরকার। পুলিশ আধিকারিক বলেন, সমাজের অঙ্গ হিসেবে পুলিশ যে শুধু লাঠি বা বন্দুক হাতে সবসময় আইনশৃঙ্খলা রক্ষায় ব্যস্ত থাকে তা নয়, তারা অন্যান্য সামাজিক কাজেও নিজেদের সহযোগিতার হাত বাড়িয়ে দেয়। আজ তাদেরই ৪০০ জন রক্তদানের মতো একটি বিশেষ সামাজিক কর্মসূচিতে যোগ দিয়ে রক্তদান করেন।

বাগদা উপনির্বাচন : বিজেপি প্রার্থী বিনয় বিশ্বাসের সমর্থনে সুকান্ত ও শান্তনু

নিজস্ব প্রতিবেদন, বাগদা: বাগদা উপনির্বাচনে বিজেপি প্রার্থী বিনয় বিশ্বাসের সমর্থনে কেন্দ্রীয় দুই মন্ত্রী সুকান্ত মজুমদার এবং শান্তনু ঠাকুর নির্বাচনের প্রচারে বাগদায়। এদিন বাগদার মন্ডবঘাটা থেকে হেলেঞ্চা বাজার পর্যন্ত বিজেপি কর্মী সমর্থকদের নিয়ে সুকান্ত মজুমদার এবং শান্তনু ঠাকুর সহ বিজেপির জেলা নেতৃত্বের উপস্থিতিতে একটি মিছিল করা হয়। আগামী ১০ তারিখ বাগদার উপনির্বাচন তাই নির্বাচনের আগেই বিজেপির খাস তালুর তথা মতুয়াগড় হিসেবে পরিচিত বাগদা বিধানসভা ধরে রাখতেই মূলত এই নির্বাচনী প্রচার গেরুয়া শিবিরে। সুকান্ত মজুমদার বলেন, বাগদা আমরা বিপুল ভোটে জয়লাভ করব, তৃণমূলের দুর্নীতি আর অপপ্রচার আমাদের আটকাতে পারবে না। শান্তনু ঠাকুর বলেন, বাগদা আমরা জয়লাভ করব, তৃণমূল প্রার্থী যিনি তিনি আমার

যেই হোন না কেন আমাদের লড়াই তৃণমূলের বিরুদ্ধে, তৃণমূলের দুর্নীতির বিরুদ্ধে, তৃণমূলের অত্যাচারের বিরুদ্ধে। এদিন বাগদা বিধানসভা উপনির্বাচনের প্রচারে এসে রাজ্য বিজেপি সভাপতি সুকান্ত মজুমদার জেলা বিজেপি সভাপতিকে কেলানি খাওয়ার উপদেশ দিতে শোনা গিয়েছে একটি ভাইরাল ভিডিওতে। তিনি হেলেঞ্চাতে একটি পদযাত্রা করেন। সেই উপলক্ষ্যে হেলেঞ্চা মন্ডবঘাটাতে পৌঁছলে জেলা সভাপতি দেবদাস মণ্ডল তাকে স্বাগত জানান। পরবর্তীতে দেবদাসের উদ্দেশ্যে সুকান্ত মজুমদারকে বলতে শোনা যায় কেলানি খান তারপরে না হয় বলব সিকিউরিটি দরকার আছে। কি করে বুঝব আপনার সিকিউরিটি দরকার। যদিও এই নিয়ে কোনও প্রতিক্রিয়া মেলেনি বিজেপি নেতৃত্বের।

রেলের হাই টেনশন তারের ওপর পরল রেল গেট, আতঙ্ক

নিজস্ব প্রতিবেদন, হাবড়া: ভাঙা রেলগেট মেরামতির সময় আচমকা চলন্ত ট্রেনের প্রথম বগিতে পড়ে বিপত্তি, হঠাৎ ট্রেনের ওপর থেকে আগুনের ফুলঝুরি আতঙ্ক ট্রেন যাত্রীদের মধ্যে হুড়মুড়িয়ে ট্রেন থেকে ঝাঁপ যাত্রীদের। হাবড়ার জয়গাছি এলাকায় একটি ছোট মালবাহী গাড়ির ধাক্কায় রেলগেট ভেঙে যায়, সেই রেলগেট রেলের লোকজন সরাতে গেলে রেলের হাই টেনশন তারের উপর রেলগেট পড়ে আগুনের ঝলকানি ছুটে নিমেষে ছিঁড়ে যায় হাই টেনশন তার। পরে ট্রেনের ওপর থেকে যাত্রীরা হুড়মুড়িয়ে লাফিয়ে ট্রেন থেকে নেমে যায়। বনগাঁ শিয়ালদা শাখার ৩০ নম্বর রেলগেট। হাবড়ার ঘটনা। গেট ভেঙে হাই টেনশন থেকে প্রায় দু ফুট দূরত্বে বিপজ্জনক অবস্থায় ছিল। গেট ম্যান ঠিক আগেই ট্রেনটিকে দাঁড় করিয়ে দেয়। দু-তিন মিনিট দাঁড়ানোর পর ফের গেটম্যান সবুজ পতাকা নেড়ে ট্রেনটি যাওয়ার সিগন্যাল দেয়। আর তখনই গেটের উপড়ে প্রথম বগির ওপরে দড়ি ধরে টেনে রাখা গেটটি আচমকা পরে হাই টেনশন তারের উপর এরপরেই আগুনের ঝলকানি দিয়ে হাই টেনশন তার যাত্রীবাহী ট্রেনের উপর পড়ে ও আতঙ্ক তৈরি হয়। প্রশ্ন উঠছে বিপজ্জনক অবস্থায় থাকা সত্ত্বেও গেটম্যান কিভাবে ট্রেনটি যাওয়ার জন্য পতাকা নেড়ে সিগন্যাল দিলেন। যদিও গেটম্যানের সাফাই

কাজ ঠিকঠাক মেরামতি চলছিল লাইন ঠিক ছিল আর আচমকাই হাত স্লিপ করে ভাঙা গেটটি স্লিপ খেয়ে পড়ে যায়। ট্রেন চালকের দাবি, আমাকে গ্রেট ম্যান সিগন্যাল দিয়েছিল তাই আমি ট্রেনটি চালিয়েছিলাম। এই ঘটনার জেরে দীর্ঘ সময় বনগাঁ সহ বিভিন্ন স্টেশনে হোটেল চলাচলে বিঘ্নিত হয়। এমনকী বনগাঁ স্টেশনে দীর্ঘ সময় দাঁড়িয়ে ছিল কলকাতা-খুলনা বন্ধন এক্সপ্রেস। পরবর্তীতে রেল সূত্রে জানা গিয়েছে, টাওয়ার ভ্যান এনে রেলের ইঞ্জিনিয়ারা লাইন মেরামতি কাজ সম্পন্ন করার পর সমস্ত ট্রেন ধীরগতিতে চালানো হয় আড়াই ঘণ্টা পর অর্থাৎ সন্ধের পর থেকে। তবে কিভাবে এই ধরনের ঘটনা ঘটল তদন্ত করছে রেলের পক্ষ থেকে।

ক্রেতা সেজে দোকানে ঢুকে প্রায় আড়াই লক্ষ টাকার সোনার গয়না নিয়ে চম্পট

নিজস্ব প্রতিবেদন, হুগলি: হুগলির বেগমপুরে সোনার দোকানে ডাকাতি। ক্রেতা সেজে দোকানে ঢুকে প্রায় আড়াই লক্ষ টাকার সোনার গয়না নিয়ে চম্পট দেয় দুই দুষ্কৃতী। শনিবার দুপুরে দোকান বন্ধ করার সময় দুই দুষ্কৃতী ক্রেতা সেজে দোকানে ঢোকে। দোকানের কর্মীরা বলছেন, দোকান এক প্রকার ফাঁকাই ছিল, সেই সুযোগকে কাজে লাগায় দুষ্কৃতীরা। একজন দোকানে থাকা মালিককে একটার পর একটা গয়না দেখাতে বলেন। অপরজন

দোকানের গেটের সামনেই বসে থাকেন। দোকানের কর্মীরা জানাচ্ছেন, দোকান মালিক কিছু বোঝার আগেই সোনার চেন, আংটি-সহ একাধিক সোনার তৈরি সামগ্রী পকেটে ভরতে থাকেন। চম্পট দেয় দুই দুষ্কৃতী। দু'জনের কাছেই আগ্নেয়াস্ত্র ছিল বলে দাবি করেন দোকানের মালিক। স্বর্ণ ব্যবসায়ী জানিয়েছেন, দু'জনই হিন্দিভাষী। তাঁদের আচরণে ও কথাবার্তা মনে হয়েছে বাংলার বাসিন্দা নন। ঘটনার খবর পেয়ে দোকানে যায় পুলিশ। দোকানের সিসিটিভি ফুটেজ খতিয়ে দেখা হয়। দুই দুষ্কৃতীর কার্যকলাপ সিসিটিভি ক্যামেরায় ধরা পড়েছে। ইতিমধ্যেই চণ্ডীতলা থানায় অভিযোগ দায়ের হয়েছে। ঘটনার পূর্ণাঙ্গ তদন্ত শুরু করেছে পুলিশ। ঘটনায় রীতিমতো আতঙ্কিত এলাকার ব্যবসায়ীরা। প্রসঙ্গত, ঠিক দু'দিন আগেই রাজ্যে ডাকাতির বাড়বাড়ন্ত নিয়ে সাংবাদিক বৈঠক করেন মুখ্যমন্ত্রী মুখ্য উপদেষ্টা আলাপন বন্দ্যোপাধ্যায় ও এডিজি (আইন-শৃঙ্খলা) মনোজ ভার্মা। পরিসংখ্যান তুলে ধরে তাঁরা জানান, ভিন রাজ্যের সীমানা দিয়ে বাংলায় আগ্নেয়াস্ত্র ঢুকছে। ভিন রাজ্যের ডাকাত দলও টার্গেট করছে বাংলাকে। তার মধ্যেই আবারও ডাকাতি।

হুল দিবস পালিত

নিজস্ব প্রতিবেদন, কাঁকসা: রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের অনুপ্রেরণায় রবিবার কাঁকসা ব্লকের বিডিও অফিস সংলগ্ন এসএইচজি বিল্ডিংয়ে হুল দিবস পালিত হয়। এদিন এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন দপ্তরের মন্ত্রী প্রদীপ মজুমদার,পশ্চিম বর্ধমান জেলার জেলাশাসক, দুর্গাপুরের মহকুমা শাসক, কাঁকসার বিডিও, কাঁকসা পঞ্চায়েত সমিতির সভাপতি ভবানী ভট্টাচার্য, সহ সভাপতি জয়জিত মণ্ডল সহ অন্যান্যরা। এদিন প্রদীপ প্রজ্জ্বলন করার পাশাপাশি সাংস্কৃতিক অনুষ্ঠানের মাধ্যমে হুল দিবসের সূচনা করা হয়। এছাড়াও এদিন এসএইচজি বিল্ডিংয়ের সামনে বিরষা মুন্ডা, ও সিধু কানুর পূর্ণাবয়ব মূর্তির উদ্বোধন করেন রাজ্যের পঞ্চায়েত মন্ত্রী। পাশাপাশি এদিন জেলার আদিবাসী সম্প্রদায়ের মেধাবী ও কৃতী ছাত্র ছাত্রীদের সংবর্ধনা জানানো হয়। এছাড়াও বিডিও অফিস সংলগ্ন এলাকায় বৃক্ষরোপণ করেন মন্ত্রী সহ প্রশাসনিক আধিকারিকরা।

গৃহবধূর রক্তাক্ত দেহ উদ্ধার মেমারিতে

নিজস্ব প্রতিবেদন, পূর্ব বর্ধমান: এক গৃহবধূর মৃতদেহ উদ্ধারের ঘটনায় চাঞ্চল্য ছড়ায় মেমারি চার নম্বর ওয়ার্ডের সুলতানপুর রায়পাড়া এলাকায়।

শনিবার রাত দশটা নাগাদ মেমারি চার নম্বর ওয়ার্ডের সুলতানপুর রায়পাড়া এলাকায় বাড়ির ভিতর থেকে ওই গৃহবধূর রক্তাক্ত দেহ উদ্ধার করে মেমারি থানার পুলিশ। মৃতার নাম প্রতিমা চক্রবর্তী, বয়স আনুমানিক ৪২ বছর। জানা গিয়েছে, মেমারির সুলতানপুর রায়পাড়ায় বসবাস করতেন প্রতিমা চক্রবর্তী ও তার স্বামী হৃদয় চক্রবর্তী। হৃদয় চক্রবর্তী পেশায় রাঁধুনি। বিভিন্ন পর্যটক দলের সঙ্গে বিভিন্ন সময় রান্নার কাজে যান তাই বর্তমানে হৃদয় চক্রবর্তীর রান্নার কাজে একটি পর্যটক দলের সঙ্গে দিঘায় রয়েছেন।

প্রতিমা চক্রবর্তী স্থানীয় একটি হিমঘরে আলু বাছাইয়ের কাজ করতেন এবং মেমারির এলআইসি পাড়া সংলগ্ন এলাকায় একটি ছোট্ট দোকান রয়েছে তার। হৃদয় চক্রবর্তী ও প্রতিমা চক্রবর্তীর কোনও সন্তান নেই, তাই স্বামী আর স্ত্রী নিয়ে ছোট্ট সংসার তাদের। শনিবার প্রথমে প্রতিবেশীরা ও বাড়ির পাশের আত্মীয়-স্বজনেরা তার ঘরের ভেতর থেকে দরজা দিয়ে রক্ত বেরিয়ে আসতে দেখে। প্রতিবেশীরা ঘরের ভিতর উঁকি মেরে দেখেন যে, প্রতিমা চক্রবর্তীর গলাতে ধারালো অস্ত্রের কোপ এবং শরীরের অন্যান্য স্থানেও রয়েছে আঘাতের চিহ্ন। রক্তাক্ত অবস্থায় পড়ে রয়েছেন প্রতিমা চক্রবর্তী।

খবর দেওয়া হয় মেমারি থানায়। মেমারি থানার পুলিশ ঘটনাস্থলে গিয়ে প্রতিমা চক্রবর্তীর রক্তাক্ত দেহ উদ্ধার করে মেমারি গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে সেখানে চিকিৎসকেরা তাকে মৃত বলে ঘোষণা করেন। এরপর মৃতদেহ মেমারি থানায় নিয়ে যাওয়া হয়।

রবিবার প্রতিমা চক্রবর্তীর মৃতদেহ ময়নাতদন্তের জন্য বর্ধমান মেডিক্যাল কলেজ হাসপাতালের মর্গে পাঠানো হয়। এই ঘটনায় এখনো পর্যন্ত কেউ গ্রেপ্তার হয়নি বলেই জানা গিয়েছে। কি কারণে এই খুন তার তদন্ত শুরু করেছে মেমারি থানার পুলিশ।

১৭ বছর পর দেশ আবার বিশ্বকাপ জিতেছে। দিনটাকে স্মরণীয় করে রাখতে বাগনানের অঙ্কন স্কুল শিল্পাঙ্কনের প্রত্যেক ছাত্রী বিশ্বকাপের ছবি আঁকল।

ফর্ম জি

অঙ্কিত মেটাল অ্যান্ড পাওয়ার লিমিটেড - মেটাল এবং স্টিল শিল্প পরিচালনকারী-এর জন্য আগ্রহ প্রকাশক ডাক আহ্বান

(২০১৬ সালের ইনসলভেন্সি অ্যান্ড ব্যাঙ্করাপ্টসি (ইনসলভেন্সি রেজলিউশন প্রসেস ফর কর্পোরেট পার্সেনস) রেগুলেশনসের রেগুলেশন ৩৬এ(১) অধীনে)

সংশ্লিষ্ট বিস্তারিত

১.	প্যান এবং সিন/এলএলপি নং সহ কর্পোরেট ডেটরের নাম	অঙ্কিত মেটাল অ্যান্ড পাওয়ার লিমিটেড PAN : AAECA5230B CIN : L27101WB2002PLC094979
২.	রেজিস্টার্ড অফিসের ঠিকানা	৩৫, চিত্তরঞ্জন এভিনিউ, কলকাতা, পশ্চিমবঙ্গ ৭০০০১২
৩.	ওয়েবসাইটের ইউআরএল	https://www.ankitmetal.com/
৪.	যেখানে অধিকাংশ স্থায়ী সম্পদ অবস্থিত	৩৫, সালতোরা বাঁকুড়া রোড, জোরহীরা ছাতনা, বাঁকুড়া, পশ্চিমবঙ্গ, ৭২২১৩৭
৫.	প্রধান পণ্য/পরিষেবা উৎপাদন ক্ষমতা	পণ্য — উৎপাদন ক্ষমতা স্পঞ্জ আয়রন — ২,১০,০০০ (এমটি) এমএস বিলেট — ১,৮০,০০০ (এমটি) পিলেট — ৬,০০,০০০ (এমটি) টিএমটি বার/এমএস রাউন্ড — ১,০০,০০০ (এমটি) ওয়ার রড — ১,৮০,০০০ (এমটি) পিগ আয়রন — ১২,৫০০ (এমটি) ক্যাপটিভ পাওয়ার প্ল্যান — ২০ এমডব্লিউ - ডব্লিউএইচআরবি (ওয়েস্ট হিট রিকভারি বেসড); ২৫.৫ এমডব্লিউ - এএফবিসি (অ্যাটমোসফিয়ারিক ফ্লুইডাইসড বেড কমবাশন)
৬.	বিগত আর্থিক বর্ষে প্রধান পণ্য/পরিষেবা বিক্রির পরিমাণ এবং মূল্য	বিগত আর্থিক বর্ষে বিক্রয়কৃত পণ্য/পরিষেবা পরিমাণ এবং মূল্য : বার্ষিক প্রতিবেদন অনুযায়ী ২০২২-২০২৩ আর্থিক বর্ষের কারবার থেকে রাজস্ব ৮৫৩.৯১ কোটি টাকা এবং ৩১ ডিসেম্বর ২০২৩ সালে সমাপ্ত ৯ মাসের কারবার থেকে ২০২৩-২৪ আর্থিক বর্ষের তৃতীয় তিনমাসের আর্থিক ফলাফল অনুযায়ী রাজস্ব ৫৫৫.৬৮ কোটি টাকা। উল্লেখ্য সংশ্লিষ্ট কর্পোরেট ডেটরের অর্থিক ফলাফল ওয়েবসাইট https://www.ankitmetal.com/ উপলব্ধ মতে।
৭.	কর্মী/কাজের লোকের সংখ্যা	কর্মী/কাজের লোকের সংখ্যা : সংশ্লিষ্ট প্ল্যান্ট ডিসেম্বর '২৩ পর্যন্ত চালু ছিল এবং কর্পোরেট ডেটরের পূর্বের ব্যবস্থাপনা বিভাগ কর্তৃক প্রদত্ত মোট কর্মী/কাজের লোকের সংখ্যা ছিল ১,০১৬।
৮.	বিগত দুই বছরের, বিনিয়োগকারীগণের তালিকা, প্রক্রিয়াগত সংশ্লিষ্ট ঘটনার তারিখ (শিডিউলড সহ) প্রাপ্ত আর্থিক প্রতিবেদন সহ পরবর্তী	সর্বশেষ উপলব্ধ আর্থিক প্রতিবেদন(তপশিল সহ) আরও বিস্তারিত দুই বছরের, বিনিয়োগকারীগণের তালিকা, প্রক্রিয়াধীন পরবর্তী ঘটনার সংশ্লিষ্ট তারিখ উপলব্ধ : আর্থিক প্রতিবেদনের জন্য বিনিয়োগকারীদের কর্নার ট্যাব https://www.ankitmetal.com/ investors.html দেখুন। আগ্রহ প্রকাশক বিস্তারিত এবং সংশ্লিষ্ট তারিখের জন্য উল্লেখ করুন সিআইআরপি ট্যাব https://www.ankitmetal.com/ বা ইমেল পাঠান : IP.ankitmetal@gmail.com।
৯.	প্রস্তাবক আবেদনকারীগণের যোগ্যতার বিষয় পাওয়া যাবে সংশ্লিষ্ট কোডের ধারা ২৫(২) (এইচ) অধীনে	সংশ্লিষ্ট কোডের ধারা ২৫(২) অধীনে প্রস্তাব আবেদনের জন্য উপযুক্ততা উপলব্ধ : সিআইআরপি ট্যাব https://www.ankitmetal.com/ বা ইমেল IP.ankitmetal@gmail.com পাঠিয়ে আগ্রহ প্রকাশক (ইওআই) প্রক্রিয়ার নথি পাওয়া যাবে।
১০.	আগ্রহ প্রকাশক আহ্বান গ্রহণের শেষ তারিখ	১৬ জুলাই ২০২৪
১১.	সম্ভাব্য প্রস্তাবক আবেদনকারীগণের সাময়িক তালিকা ইস্যুর তারিখ	২৬ জুলাই ২০২৪
১২.	সাময়িক তালিকার বিষয়ে আপত্তি দাখিলের শেষ তারিখ	৩১ জুলাই ২০২৪
১৩.	সম্ভাব্য প্রস্তাব আবেদনকারীগণের চূড়ান্ত তালিকা ইস্যুর তারিখ	১০ আগস্ট ২০২৪
১৪.	মেমোর‍্যান্ডাম, মূল্যায়ণ ম্যাট্রিক্স এবং প্রস্তাব পরিকল্পনা অনুরোধ ইস্যুর তারিখ	১৪ আগস্ট ২০২৪ (উপযুক্ত পিআরএএস কর্তৃক সম্পাদিত নন-ডিসক্লোজার চুক্তি গৃহীত সাপেক্ষে)
১৫.	রেজোলিউশন প্ল্যান জমা দেওয়ার শেষ তারিখ	১৪ সেপ্টেম্বর ২০২৪
১৬.	ইওআই দাখিলের প্রক্রিয়া ইমেল আইডি	IP.ankitmetal@gmail.com

ক্ষিতিজ ছাউছারিয়া
(IBBI/IPA-001/IP-P00358/2017-18/10616)
অন্তর্বর্তীকালীন প্রস্তাব পেশাদার - অঙ্কিত মেটাল অ্যান্ড পাওয়ার লিমিটেড
ই : IP.ankitmetal@gmail.com
আইবিবিআই নথিভুক্ত : প্রযত্নে বি. ছাউছারিয়া অ্যান্ড কোং,
৮এ এবং বি, সত্যম টাওয়ার ৩, আলিপুর রোড, কলকাতা - ৭০০০২৭
ইমেল : kshitiz@bccoindia.com; এএফএ বৈধ ২২ জানুয়ারি ২০২৫ পর্যন্ত

তারিখ : ১ জুলাই ২০২৪
স্থান : কলকাতা

সাধারণ বিজ্ঞপ্তি

এতদ্বারা বিজ্ঞাপিত হচ্ছে যে, মূল রেজিস্ট্রিকৃত দান দলিল নং ১১১২-১৯৯২ সালের রেজিস্ট্রিকৃত অফিস ডিস্ট্রিক্ট রেজিস্ট্রার, আলিপুর, দক্ষিণ ২৪ পরগনা সংশ্লিষ্ট সম্পত্তির সকল অংশ জমি এবং তদস্থিত নির্মাণ অবস্থিত মৌজা : শাঁখাড়িপুর, অংশ দাগ নং ১৭(অংশ) এবং ১৮ (অংশ), ইপি নং ১৬২ অধীন, জেএল নং ১০৬, থানা : বারুইপুর,জেলা : দক্ষিণ ২৪ পরগনা, রামনগর -২ গ্রাম পঞ্চায়েত অধীন, হারিয়ে/স্থানান্তরিত হয়েছে আমাদের মক্কেল (শ্রী শুভঙ্কর সেন) এর হেফাজত থেকে সাধারণ কাজের সময়ে এবং সংশ্লিষ্ট বিষয়ে ২৫.০৬.২০২৪ তারিখে বারুইপুর থানায় উল্লেখ্য জিডি এন্ট্রি নং ২৪৯২ তারিখ ২৫.০৬.২০২৪ দাখিল করা হয়েছে।
কোনও ব্যক্তি উক্ত দলিল পেয়ে থাকলে বা কোনও সন্ধান জানলে অবিলম্বে অনুগ্রহ করে নিম্নস্বাক্ষরকারীকে এই বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ থেকে ৭ দিনের মধ্যে জানাতে অনুরোধ করা হচ্ছে, পরবর্তীতে কোনও দাবি গ্রাহ্য হবে না।

আপনার বিশ্বস্ত,
সৌম্য রায় অ্যান্ড অ্যাসোসিয়েটস
রিজেন্ট হাউস, ৪র্থ তল, চেম্বার-২ এবং ৩,
১২,গভর্নমেন্ট প্লেস ইস্ট, কলকাতা : ৭০০০৬৯
ফোন : নং : ০৩৩-৪৮২২২৯২৯
ই-মেল : shoumyaroy.shaw@yahoo.com
তারিখ : ২৯.০৬.২০২৪

E-Tender

E-Tender invited by Prodhan, **Bhaluka Gram Panchayat** under Krishnagar-I Panchayat Samity, P.O.-Krishnagar, Dist.-Nadia, **NIT No-01/Bhaluka/15th FC (Tied)** and **NIT No-02/Bhaluka/15th FC (Untied) 2024-2025 Dt- 01.07.2024**, vide memo No. 89/Bhaluka GP/2024 & 90/Bhaluka GP/2024, Last date and time for submission of E-Tender on **09.07.2024 up to 5.00 pm** (as per server clock) For details, please contact to the office or visit **https://wbtenders.gov.in**

Sd/-
Prodhan
Bhaluka GP

NOTICE

In the Learned Court of District Judge, Hooghly at Chinsurah.
Misc. Case No.156 of 2023.

Smt. Jhuma Mondal, aged about 27 years, wife of Late Shrikanta @ Srikanta Mondal, of Village and Post Office Balipur, P.S. Khanakul, District Hooghly, Pin-712401, Phone No.9735382782. **... Petitioner.**
ii) Minor daughter **Anuska Mondal**, D/O Late Shrikanta @ Srikanta Mondal,
iii) Mother **-Astabala Mondal,** wife of Late Ramprasad Mondal, All residing at Village and P.O. Balipur, P.S. Khanakul, District Hooghly, Pin-712401.

এতদ্বারা সর্বব সাধারণকে জ্ঞাত করানো যাইতেছে উপরোক্ত দরখাস্তকারী তাহার নাবালক সন্তান Minor **Anuska Mondal**, aged about 02 years, Daughter of Late Shrikanta @ Srikanta Mondal, of Village and P.O. Balipur, P.S. Khanakul, District Hooghly, Pin-712401
এর অর্জিত নিম্ন তপশীলে বিশদ ভাবে বর্ণিত সম্পত্তিতে স্বাভাবিক গার্জেন হিসাবে হস্তান্তর করিবার জন্য উপরোক্ত মোকর্দ্দমা রুজু করিয়াছেন। এ ব্যাপারে কাহারও কোন আপত্তি থাকিলে বিজ্ঞপ্তি প্রকাশের ৩০ দিনের মধ্যে জ্ঞাত করিবেন অন্যথায় পরবর্তীতে কোন আপত্তি গ্রাহ্য করা হইবে না।

Schedule of the Properties

"Ka' schedule property (purchased property)
District: Hooghly, P. S. - Khanakul, Mouja - Balipur, J. L. No. - 113,
L.R. Khatian no- 3293.

Plot No.	Classification	Total area (acre)	Share	Share area (acre)
R.S.- 106, L.R. - 618	Shali	0.91	0.0139	0.01 (1.25 decm)
R.S.-539, L.R. - 636	Shali	0.68	0.0090	0.01 (0.5 decm)
R.S.- 1000, L.R. - 1116	Shali	0.87	0.0157	0.02 (1.5 decm)

"Kha' schedule property (Inherited property)
District: Hooghly, P.S. - Khanakul, Mouja - Balipur, J.L. No. 113,
L.R. Khatian no- 7613.

Plot No.	Classification	Total area (acre)	Share	Share area (acre)
1100	Shali	0.54	0.0167	0.01
642	Shali	0.74	0.0018	0.00
716	Bastu	0.25	0.0494	0.01
814	Bastu	0.38	0.0333	0.01

"Ga' schedule property
District: Hooghly, P.S.-Khanakul, Mouja - Balipur, J.L. No. - 113,
L.R. Khatian no- 3293.

Plot No.	Classification	Total area (acre)	Share	Share area (acre)
R.S.- 106, L.R. - 618	Shali	0.91	0.0047	0.0033 (0.4167 decm)
R.S.-539, L.R. - 636	Shali	0.68	0.0003	0.0033 (0.1667decm)
R.S.- 1000, L.R. - 1116	Shali	0.87	0.0052	0.0067 (0.5 decm)

L.R. Khatian no- 7613.

Plot No.	Classification	Total area (acre)	Share	Share area (acre)
1100	Shali	0.54	0.0055	0.0033
642	Shali	0.74	0.0006	0.00
716	Bastu	0.25	0.0494	0.0033
814	Bastu	0.38	0.0111	0.0033

দরখাস্তকারী পক্ষের
জয়ন্ত কুমার পাইন
এ্যাডভোকেট

অনমত্যানুসারে,
শ্রী চরণ সিং
সেরেস্তাদার, হুগলীর ডিস্ট্রিক্ট জজ আদালত

SBI **স্ট্রেসড অ্যাসেটস রিকভারি শাখা, দক্ষিণবঙ্গ**
'জীবনদীপ বিল্ডিং', ৩য় তল, ১, মিডলটন স্ট্রিট, কলকাতা-৭০০০৭১
ফোন: ০৩৩-২২৮৮-৪৪৩৭, ফ্যাক্স: ০৩৩-২২৮৮-৪৩০২, ই-মেইল: sbi.15196@sbi.co.in

দখল বিজ্ঞপ্তি
(স্থাবর সম্পত্তির জন্য)
পরিশিষ্ঠ-৪ [রুল৮(১)]

যেহেতু,
নিম্নস্বাক্ষরকারী **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**র অনুমোদিত অফিসার স্বরূপ সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফাইন্যান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট (সিকিউরিটি) ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এবং সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর রুল ৩ এর সঙ্গে পঠিত ১৩ (১২) এর অধীনে প্রদত্ত ক্ষমতা প্রয়োগের অধীনে পরবর্তীতে উল্লিখিত প্রতিটি অ্যাকাউন্ট এর সাপেক্ষে উল্লিখিত তারিখে দাবি বিজ্ঞপ্তি জারিপূর্বক তাদেরকে নোটিশে উল্লিখিত অর্থ পরিশোধ করতে বলেন উক্ত বিজ্ঞপ্তি গ্রহণের তারিখ থেকে ৬০ দিনের মধ্যে।
ঋণগ্রহীতা উক্ত টাকার অঙ্ক ফেরত দিতে ব্যর্থ হওয়ায়, এতদ্দ্বারা ঋণগ্রহীতা, জামিনদার এবং সাধারণভাবে জনগণকে বিজ্ঞপ্তি প্রদান করা হচ্ছে যে, নিম্নস্বাক্ষরকারী এখানে নিম্নে বর্ণিত সম্পত্তির দখল নিয়েছেন প্রতিটি অ্যাকাউন্ট এর সাপেক্ষে উল্লিখিত তারিখে, উক্ত এক্টের রুল ৮ -এর সঙ্গে পঠিত সেকশন ১৩ (৪) অধীনে তাঁর (পুং /স্ত্রী) উপর অর্পিত ক্ষমতাবলে।
বিশেষভাবে ঋণগ্রহীতা/জমিনদার এবং সাধারণভাবে জনগণকে এতদ্দ্বারা সতর্ক করা হচ্ছে যে, তাঁরা যেন উক্ত সম্পত্তি নিয়ে কোনওরকম লেনদেন না করেন এবং এই সম্পত্তি নিয়ে কোনওপ্রকার লেনদেনে উল্লিখিত অর্থ তার উপর সুদ সহ **স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**র ধার্য সাপেক্ষ হবে।
ঋণগ্রহীতার দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে উক্ত অ্যাক্টের সেকশন (১৩)-র সাব-সেকশন (৮) -এর বন্দোবস্তে, সুরক্ষিত পরিসম্পতের দায়মুক্ত হওয়ার প্রাপ্তব্য সময়ের ব্যাপারেও।

ক্র. নং.	ঋণগ্রহীতা(গণ)/ জমিনদার(গণ) -এর নাম ও ঠিকানা	স্থাবর সম্পত্তির বিবরণ	১) ডিমান্ড নোটিশের তারিখ ২) দখল নোটিশ তারিখ ৩) বকেয়া পরিমাণ
১.	**ঋণগ্রহীতা: মহঃ মাজিদ** পিতা- মরহুম আব্দুল জব্বার **এবং নাহিদা খাতুন** স্বামী- মহঃ মাজিদ **উভয়েরই ঠিকানা-** এফআর ২, ৪র্থ ফ্লোর, গ্যালাক্সি অ্যাপার্টমেন্ট, হোল্ডিং নং ৮২৮, উত্তর পূর্ব ফরতাবাদ, স্কিম প্লট নং এসসি ১, ফেজ - ২-এ, গুলমোহর পার্কের মধ্যে, পোস্ট- গড়িয়া, কলকাতা ৭০০০৮৪ এবং ৩/৪এ/এইচ/১৭, নারকেলডাঙ্গা মেইন রোড, নারকেলডাঙ্গা, ফাশি মসজিদের কাছে, কলকাতা ৭০০০১১।	স্বয়ং সম্পূর্ণ আবাসিক ফ্ল্যাটের এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার নং এফআর-২ দক্ষিণ-পূর্ব-পশ্চিম দিকের ৪র্থ ফ্লোরে কমবেশি ১১৩২ বর্গফুট পরিমাপের সুপার বিল্ড আপ এরিয়া এবং নীচ তলায় একটি গাড়ি পার্কিং স্পেস সহ যার নং ২ পরিমাপ ১২০ বর্গফুট সেইসঙ্গে জমির অবিভক্ত আনুপাতিক শেয়ার এবং বহুতল ভবনের সাধারণ এলাকার শেয়ার যা কমবেশি ৯.৯০ ডেসিমেল বা ৬ কাঠা (কমবেশি) সমতুল্য জমি পরিমাপের উপর নির্মিত এবং মৌজা বারহাঁস ফরতাবাদ, জেএল নং ৪৭, আর.এস. দাগ নং ৩৯৭৩ এবং ৩৯৭৪, আরএস খতিয়ান নং ৯৫,১৭৪০, ১৭৪২, ১৭৪৩, স্কিম প্লট নং এসসি-১ -এর অধীনে, ফেজ- ২-এ, গুলমোহর পার্কের মধ্যে, থানা- সোনারপুর, পোস্ট- গড়িয়া, কলকাতা-৭০০০৮৪, হোল্ডিং নং ৮২৮, উত্তর পূর্ব ফরতাবাদ, রাজপুর-সোনারপুর পৌরসভার স্থানীয় সীমার মধ্যে, ওয়ার্ড নং ০২৮, থানা- সোনারপুর, এডিএসআরও গড়িয়া জেলা দক্ষিণ ২৪ পরগনা। **সম্পত্তিটি মহঃ মাজিদের নামে আছে দলিল নং- ২০১৮ সালের ১৬২৯০৪৪৩১ মাধ্যমে,** বই - ১, ভলিউম ১৬২৯-২০১৮, পৃষ্ঠা ১৩৪৬০৬ থেকে ১৩৪৬৪০ পর্যন্ত -তে নিবন্ধিত এডিএসআরও অতিরিক্ত জেলা সাব-রেজিস্ট্রার গড়িয়া, পশ্চিমবঙ্গ অফিসে ।	**১) ২৫.০৪.২০২৪ ২) ২৮.০৬.২০২৪ ৩) ৪৯,৪৭,২৬৭.০০ টাকা (উনপঞ্চাশ লক্ষ সাতচল্লিশ হাজার দুইশত সাতষট্টি টাকা মাত্র) ০৯.০৩.২০২৪ অনুযায়ী** তদুপরি আরও সুদ এবং আনুষঙ্গিক ব্যয়, সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত খরচ সহ ।
২.	**ঋণগ্রহীতা: মেসার্স সারদা বস্ত্রালয় স্বত্বাধিকারী- প্রদীপ দাস মহাপাত্র, অবস্থান-** গ্রাম: খারাই কোটেবাড়, পোস্ট- কারুইগড় এগ্রা, পূর্ব মেদিনীপুর, পিন ৭২১৪২৯, **জামিনদার: শ্রীমতী চঞ্চলা দাস মহাপাত্র,** স্বামী- শ্রী প্রদীপ দাস মহাপাত্র। গ্রাম- গোবর্ধনপুর, পোস্ট- হারুইগড়, জেলা- পূর্ব মেদিনীপুর, শহর তমলুক, পিন- ৭২১৪২৯	(১) ২ ডেসিমেল পরিমাপের জমির উপর জমি ও বিল্ডিং, মৌজা - খারুই কোটবাড়, থানা - পটাসপুর, জেএল নং-৮২, খতিয়ান নং- ১৯০ (সাবেক) ২২১৮,২২১৭ (এলআর), প্লট নং ৫৪৭, দলিল নং- ০৭২৭৬, সাল- ২০১৪, বই নং- ১, ভলিউম নং-২৪, পৃষ্ঠা-২৬৪৭ থেকে ২৬৫৬ পর্যন্ত তে নিবন্ধিত। **প্রদীপ দাসমহাপাত্র এবং চঞ্চলা দাসমহাপাত্র এর নামে সম্পত্তিটি আছে। চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তরে- টোকন বেরার প্লট, দক্ষিণে- অশিম মহাপাত্রের প্লট, পূর্বে - এগ্রা থেকে বাজকুল পিচ রোডের প্লট, পশ্চিমে- পরমেশ্বর সাউ এর প্লট দ্বারা। (২) জমির পরিমাপ ১৪ ডেসিমেলের মধ্যে ১০ ডেসিমেল, মৌজা - গোবর্ধনপুর, থানা- পটাসপুর, জেএল নং- ৯৪. খতিয়ান নং- ২৯৪. এলআর খতিয়ান নং- ৭১০ (পূর্বতন), আর.এস. এবং এল.আর. প্লট নং-৭১৫, ডিড নং- ৩০১৮ সাল- ২০০৩, , ভলিউম নং-৮৭, পৃষ্ঠা- ১৯৬ থেকে ২০১, **সম্পত্তিটি প্রদীপ দাসমহাপাত্র পিতা- শম্ভুনাথ দাসমহাপাত্র এর নামে আছে। চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তরে- এগরা থেকে ইটাবেড়িয়া রোড, দক্ষিণে- খালি জমি (সালফ), পূর্বে - গ্রামের রাস্তা, পশ্চিমে- নন্দ কুমার দাস দ্বারা।	**১) ২৫.০৪.২০২৪ ২) ২৭.০৬.২০২৪ ৩) ২৮,৩৯,৭২০.০০ টাকা (আঠাশ লক্ষ উনচল্লিশ হাজার সাতশো কুড়ি টাকা মাত্র) ১৮.০৪.২০২৪ অনুযায়ী** তদুপরি আরও সুদ এবং আনুষঙ্গিক ব্যয়, সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত খরচ সহ ।
৩.	**ঋণগ্রহীতা: শ্রীমতী সিমা মন্ডল** স্বামী- সঞ্জিত মন্ডল, ঠিকানা- নিয়ন রেসিডেন্সিতে, ফ্ল্যাট নং ৩১, ব্লক-সি, ৩য় ফ্লোর, ১৮, গুহ পার্ক (পূর্বতন ৭ গুহ পার্ক), থানা- লিলুয়া, হাওড়া ৭১১২০৪ (সিলভার জুবিলি হাসপাতালের কাছে) এবং ১৬৫, সাধুরবাগান, পোস্ট এবং থানা- রানাঘাট, নদীয়া ৭৪১২০১	আবাসিক ফ্ল্যাট নং ৩এল -এর সকল যার সুপার বিল্ট আপ এলাকা ৯৯৮ বর্গফুট বা সামান্য কমবেশি, 'নিয়ন রেসিডেন্সি'-এর ব্লক সি এর তৃতীয় ফ্লোরে, সেইসঙ্গে জমিতে অবিভক্ত আনুপাতিক শেয়ার বা ইন্টারেস্ট এবং উল্লিখিত প্রেমিসেসের সাধারণ পরিষেবা এলাকায় সমস্ত সুবিধার অধিকার সহ বাস্তু জমি ৫১ ডেসিমেল (কমবেশি) এর এক ও অবিচ্ছেদ্য অংশের সকল এবং মৌজা লিলুয়া তে অবস্থিত, থানা-লিলুয়া, জেলা-হাওড়া, বর্তমান প্রেমিসেস/ হোল্ডিং নং ১৮ গুহ পার্ক, (পূর্বতন ৭, গুহ পার্ক), ওয়ার্ড নং- ৬৫, দাগ নং ১৯৯৬, খতিয়ান নং ১৪০৭ (এখন ৬৩৯) এল.আর. খতিয়ান নং ৬৭১৪ পিন- ৭১১২০৪, হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের সীমার মধ্যে। **ফ্ল্যাটটি নিম্নরূপ চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তরে- কমন প্যাসেজে খোলা আকাশ, দক্ষিণে- সিঁড়ি এবং কমন প্যাসেজ, পূর্বে- ফ্ল্যাট নং ৩ এল, পশ্চিমে- কমন প্যাসেজে খোলা আকাশ দ্বারা। **সম্পত্তিটি ২০২১ সালের দলিল নং ১৯০১০৫২৬১,** ভলিউম নম্বর ১৯০১-২০২১, পৃষ্ঠা ৩০৪৬০১ থেকে ৩০৪৬৬০ পর্যন্ত -তে **শ্রীমতি সিমা মণ্ডলের নামে,** এআরএ-১ কলকাতা, পশ্চিমবঙ্গ অতিরিক্ত রেজিস্ট্রার অ্যাসিউরেন্স অফিসে নিবন্ধিত।	**১) ২৪.০৪.২০২৪ ২) ২৮.০৬.২০২৪ ৩) ২৯,০৪,৪১৬.০০ টাকা (উনত্রিশ লক্ষ চার হাজার চারশো ষোল টাকা মাত্র) ২৪.০৪.২০২৪ অনুযায়ী** তদুপরি আরও সুদ এবং আনুষঙ্গিক ব্যয়, সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত খরচ সহ।
৪.	**ঋণগ্রহীতা : শ্রীমতী তনিমা মুখার্জি,** স্বামী- রঘুনাথ মুখার্জি, ৪৮,৪৯ এবং ৪৯/১ দেশপ্রাণ শাসমল রোড, কদমতলা, হাওড়া ৭১১১০১	মোকোরারি মৌরাশি বাস্তু জমির এক ও অবিচ্ছেদ্য অংশের সকল যার পরিমাপ কমবেশি ৫৫৬ বর্গফুট , যার অবস্থান- প্রমিসেস নং ৪৯, দেশপ্রাণ শাসমল রোড, থানা- বান্তরা, জেলা- হাওড়া, যার আছে দোতলায় দুটি কক্ষ, আচ্ছাদিত বারান্দা, উঠোন সহ সকল প্রকারের সুবিধা, পথ এবং ওয়ার্ড নং ২৩ হাওড়া মিউনিসিপ্যাল কর্পোরেশনের স্থানীয় সীমার অধীনে, জেলা- হাওড়া। **সম্পত্তিটি চতুর্দিক পরিবেষ্টিত:** উত্তরে- বিক্রেতাদের অংশ, দক্ষিণে- আচ্ছাদিত রওয়াকে, ৫১ দেশপ্রান সাসমল রোড, হাওড়া এবং ৪৯, দেশপ্রাণ সাসমল রোড, হাওড়া রাস্তা থেকে হোল্ডিং নম্বর পর্যন্ত কমন প্যাসেজ, পূর্বে - হোল্ডিং নম্বর ৪৮, দেশপ্রাণ সাসমল রোড, হাওড়া কমন প্যাসেজ, পশ্চিমে- ৫০ এবং ৫১ নম্বর, দেশপ্রান শাসমল রোড, হাওড়া মেথর প্যাসেজে। **সম্পত্তিটি শ্রীমতী তনিমা মুখার্জি, স্বামী-শ্রী রঘুনাথ মুখার্জীর নামে আছে ডিড নং ৩১৮৪ সাল-২০০৩** তারিখ- ২৮/০৩/২০০৩ বই নং. -১, ভলিউম-৭২, পৃষ্ঠা ৭১ থেকে ৭৯ পর্যন্ত এডিএসআর হাওড়া তে ২৮/০৩/২০০৩ তারিখে নিবন্ধিত অনুযায়ী।	**১) ২৫.০৪.২০২৪ ২) ২৮.০৬.২০২৪ ৩) ১৯,৮৩,৪২৭.০০ টাকা (উনিশ লক্ষ তিরাশি হাজার চারশো সাতাশ টাকা মাত্র) ২১.০৩.২০২৪ অনুযায়ী** তদুপরি আরও সুদ এবং আনুষঙ্গিক ব্যয়, সম্পূর্ণ পরিশোধ না হওয়া পর্যন্ত খরচ সহ।

দ্রষ্টব্য- দখলের নোটিশ ইতিমধ্যেই স্পিড পোস্টের মাধ্যমে ঋণগ্রহীতা/জামিনদারকে পাঠানো হয়েছে। যদি, ঋণগ্রহীতা/জামিনদার এটি না পেয়ে থাকেন, তাহলে এই বিজ্ঞপ্তিটিকে পরিষেবার পরিবর্ত পদ্ধতি হিসাবে বিবেচনা করা যেতে পারে।

তারিখ: ০১.০৭.২০২৪
স্থান: কলকাতা/হাওড়া/ পূর্ব মেদিনীপুর

অনুমোদিত অফিসার
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া